

নতুন পালকদের প্রশিক্ষিত হওয়ার জন্য নির্দেশাবলী

পৌল-তীমথি অধ্যয়নগুলো ব্যবহারের দ্বারা শিক্ষাগ্রহণকারীদের শুরু করতে সাহায্য করা

কিভাবে আমি এই অধ্যয়নগুলো ব্যবহার করব?



পবিত্র আত্মার নির্দেশনার জন্য অনুগ্রহ করে কয়েক মুহূর্ত প্রার্থনা করুন।

১. আপনার থেকে অধিক অভিজ্ঞতা সম্পন্ন নেতা বা পরামর্শদাতার সঙ্গে নিয়মিত সাক্ষাৎ করুন।

- যীশু এবং প্রেরিতদের মত একইভাবে একজন পরামর্শদাতা নতুন নেতাদের শিক্ষা দেন। কোন শ্রেণী কক্ষের মধ্যে নয়, কিন্তু কাজের মাধ্যমে এবং বিভিন্ন স্থানে ভ্রমণের সময়েই তিনি শিক্ষা দেন।
- আপনার পরামর্শদাতা অন্যলোকদের সঙ্গে কিরূপ আচরণ করেন, তা পর্যবেক্ষণ করুন, আপনি কি করছেন, তিনি তা পর্যবেক্ষণ করেন।
- পরবর্তী কয়েক সপ্তাহে আপনি কি কি করবেন সেই বিষয়ে পরিকল্পনা করতে, এবং আপনার বিশ্বাসীদের প্রয়োজনের সঙ্গে মানানসই অধ্যয়ন মনোনীত করতে যা নতুন ক্ষেত্রগুলোতে প্রভুর রাজ্য বিস্তারে সাহায্য করবে, সেই সকল বিষয়ে আপনার পরামর্শদাতাকে সাহায্য করতে দিন।
- আপনি এবং আপনার উপাসক মণ্ডলী কি করছেন সেই বিষয়ে তাঁর কাছে বিবরণ দিন। সততার সঙ্গে আপনার ব্যর্থতা এবং সমস্যার বিষয়গুলো তাঁকে বলুন। আপনি যদি আপনার ব্যর্থতার বিষয়গুলো তাঁকে বলতে লজ্জিত হন এবং সত্য গোপন করেন, তবে তিনি আপনাকে সাহায্য করতে পারবেন না।
- আপনার উপাসক মণ্ডলীর মধ্যে যে পরিচর্যাগুলোর অভাব আছে, সেই পরিচর্যাগুলোর অনুশীলন শুরু করতে আপনার উপাসক মণ্ডলীকে সাহায্য করতে পারে এমন অধ্যয়নগুলো মনোনীত করুন।
- প্রথম দিকে, আপনি সপ্তাহে একবার বা দুবার আপনার পরামর্শদাতার সঙ্গে মিলিত হতে পারেন। পরে আপনি মাসে একবার দুবার মিলিত হতে পারেন। তারপরে আপনি তিন চার মাসে একবার মিলিত হতে পারেন, যদি আপনার সাহায্যের প্রয়োজন হয়।
- আমাদের অবশ্যই পরস্পরকে সংশোধন করতে হবে (কলসীয় ৩ঃ১৬) এবং পরস্পরকে কাছে আমাদের ভুল স্বীকার করতে হবে। (যাকোর ৫ঃ১৬)। এর অর্থ হল যে আমরা অন্য নেতাদের উপদেশ গ্রহণ করি এবং তাদের সততাপূর্ণ সমালোচনা মনোযোগ দিয়ে শুনি। আমাদের প্রত্যেকের এইরূপ তত্ত্বাবধানের প্রয়োজন, যার মাধ্যমে আমাদের নেতা নিশ্চিত হবেন যে আমাদের পারস্পরিক পরিচর্যা বাইবেল সম্মত। এই তত্ত্বাবধানে আমাদের নেতৃত্বের দক্ষতা বৃদ্ধি করে এবং লোকদের ওপর স্বার্থপর এবং যন্ত্রণাকর অনুশীলন এড়িয়ে যেতে সাহায্য করে।
- কোন একজন নেতা যদি কারও উপদেশ ছাড়া ঈশ্বরের কাজ করার চেষ্টা করেন, এবং তার কাজের পরীক্ষা করার জন্য যদি কেউ না থাকে, তবে তিনি বিপদজনকভাবে মুর্থ। এই বিষয়টা অসংখ্য মণ্ডলীকে ভয়ঙ্করভাবে ক্ষতিগ্রস্ত করে।

২. অন্য নেতাদের সঙ্গেও নিয়মিত মিলিত হন

- আপনার অঞ্চলের অন্যান্য নেতাদের সঙ্গে সাক্ষাৎ করুন। সমস্ত নেতাদের উচিত তাদের লোকেরা কি করছেন তার বিবরণ দেওয়া। তাদেরকে আপনার পরিচর্যা কাজ পরীক্ষা করে দেখতে দিন। আপনি তাদের কাজ পরীক্ষা করুন।
- নেতাদের উচিত তাদের প্রত্যেকের কাজের এবং আত্মিক বৃদ্ধির মূল্যায়ন করা। তারা উন্নতিসাধনের জন্য পরস্পরকে সাহায্য করবেন। নতুন নিয়মে আমাদের এইভাবে পরস্পরকে সাহায্য করার আদেশ দেওয়া হয়েছে - পরস্পরকে সংশোধন করা, পরস্পরকে ক্ষমা করা এবং পরস্পরের মধ্যে ত্রুটি স্বীকার করা, পরস্পরের বোঝা বহন করা এবং এরকম আরও কত অসংখ্য 'পারস্পরিক' বিষয়ের আদেশ আছে।

৩. অন্য নতুন নেতাদের পরামর্শ দিন।

- যত শীঘ্র সম্ভব আপনি নতুন পালকদের অবশ্যই পরামর্শ দিতে শুরু করুন। সহপালকগণ, আরাধনার নেতৃবৃন্দ এবং ডিকনগণের মত কর্মীগণ আপনাকে আপনার উপাসক মণ্ডলীকে পালন করতে সাহায্য করবেন। অন্যরা নতুন উপাসক মণ্ডলী শুরু করবেন অথবা পরিচর্যা করবেন।
 - তারা কি করছেন এবং তাদের পরিকল্পনার বিষয় তাদের সঙ্গে কথা বলুন।
 - তাদের লোকদের বর্তমান প্রয়োজন পূরণের জন্য উপযুক্ত অধ্যয়নের বিষয় মনোনীত করতে তাদের সাহায্য করুন।
 - তাদের যতক্ষণ সাহায্যের প্রয়োজন ততক্ষণ এটা করুন। আপনি অন্য পালকদের পরামর্শ দিন, এটা নতুন নিয়মের চাহিদার অন্তর্ভুক্ত, ২ তীম ২ঃ২ পদ। এছাড়াও আপনি নতুন পালকদের নামকরণ করতে পারেন, পৌল যেমন তীতকে করতে নির্দেশ দিয়েছিলেন।
 - তীত ১ঃ৫-৯ পদে বর্ণিত চারিত্রিক বৈশিষ্ট্য অবশ্যই নতুন পালকদের মধ্যে থাকা উচিত। প্রথমে তাদের প্রমাণিত হতে হবে। তাদের নিজেদের প্রমাণ করার একটি উপায় হচ্ছে - তারা যে পালকত্ব করতে পারেন সেই বিষয়টি নিশ্চিত করতে হবে -- প্রথমে তাদের নিজস্ব পরিবারে পালকত্বের কাজ শুরু করতে হবে। তারা যদি এটা করেন, তবে তারা সম্ভবত উত্তমরূপে উপাসকমণ্ডলীকে পালন করতে সক্ষম হবেন।
 - নতুন পালকদের নামকরণ করুন এবং তাদের পরামর্শ দিন, যখন আপনি নিশ্চিত হবেন যে তারা কাজ করতে পারেন। তীমথিয় ৩ঃ১-৭ পদে বলা হয়েছে নতুন শিষ্যকে যেন তত্ত্বাবধায়ক না করা হয়। পৌল অপেক্ষা করার জন্য কোন নির্দিষ্ট সময় দেন নি। এর কারণ হল কিছু বিশ্বাসী তিন সপ্তাহেই বিশ্বাসে অধিক পরিপক্ব হয়ে যান, অথচ অনেকে ৩০ বছরেও পরিপক্ব হন না। পৌল নিজে নতুন গালাতীয় মণ্ডলীতে নতুন বিশ্বাসীদের নেতৃত্ব দিয়েছিলেন (প্রেরিত ১৪)। অথচ আমাদের অনেক সময় আন্তিয়খিয়ার মত পরিপক্ব মণ্ডলীর ন্যায় আরও অধিক সময় অপেক্ষা করতে হতে পারে, যারা প্রায় একবছর পর পৌল এবং বার্গবাকে প্রেরিতরূপে বিশেষ কাজে প্রেরণের জন্য হস্তার্পণ করে ছিলেন (প্রেরিত ১১ঃ২৫- ২৬; ১৩ঃ১-৩)।
 - অন্যান্য নেতাদের পরামর্শ দানের জন্য 'নেতাদের প্রশিক্ষণের জন্য নির্দেশাবলী' পাঠ করুন।
৪. আপনার লোকদের বর্তমান আগ্রহ এবং প্রয়োজনের সঙ্গে মানানসই অধ্যয়ন এবং কার্যাবলী মনোনীত করুন
- আপনার লোকদের বর্তমান প্রয়োজন পূরণের জন্য এবং অন্যদের পরিচর্যার সুযোগের জন্য প্রার্থনা সহকারে ব্যবহারিক তালিকা থেকে অধ্যয়নগুলো মনোনীত করুন। সাধারণভাবে তালিকার প্রথম অধ্যয়ন থেকে শুরু করে তালিকার ক্রম অনুসারে অগ্রসর হবেন না।
 - এক একটি সপ্তাহে আপনার লোকদের প্রয়োজন অনুসারে কোন্ কোন্ অধ্যয়নগুলো শিক্ষা দেওয়া প্রয়োজন সেই বিষয় দেখানোর জন্য প্রভুর কাছে জিজ্ঞাসা করুন। নতুন উপাসক মণ্ডলীগুলো নবজাত শিশুদের মত, যাদের জরুরী প্রয়োজন থাকে, যা আপনার অবশ্যই পূরণ করা প্রয়োজন। দুটো উপাসক মণ্ডলীকে কখনও একই উপায়ে পরিপক্ব করা সম্ভব না।



জ্ঞানী মেমপালক যত্নপূর্বক তার মেমপালের
মেমদের কণ্ঠস্বর মনোযোগ সহকারে শ্রবণ করেন -
'শ্রবণের নিমিত্ত কর্ণপাত করেন' জ

- এই প্রয়োজনগুলো এবং সুযোগগুলো উপলব্ধির জন্য লোকদের কথা মনোযোগ দিয়ে শুনতে হবে।
 - প্রতিটি পরিচর্যার ক্ষেত্রে বিভিন্ন অধ্যয়নের বিষয় অন্তর্ভুক্ত আছে। উদাহরণ, 'আরাধনা' পরিচর্যার ক্ষেত্রে প্রভুর ভোজ, যীশুর পুণরুত্থানের অনুষ্ঠান উদ্‌যাপন এবং আরাধনার অন্যান্য বিষয়গুলোর বিন্যাস অন্তর্ভুক্ত আছে।
 - প্রতিটি বিন্যাসে পালকদের এবং শিশুদের জন্য একই বিষয়ের অধ্যয়ন আছে। ইহা শিশুদের পূর্বেই একটি বাইবেলের গল্প প্রস্তুত করতে সক্ষম করে যা প্রাপ্ত বয়স্কগণ যে বিষয় শিখবেন, তার সঙ্গে সম্বন্ধযুক্ত। শিশুরা আরাধনার সময় সেই বাইবেলের গল্পটা বড়দের জন্য অভিনয় করে দেখাতে পারে।
 - পালকদের অধ্যয়নের জন্য একেবারে ওপরে 'Shepherd' কথাটা লেখা আছে। অধ্যয়নের ক্রমিক সংখ্যার শেষে 'a' অক্ষরটি লেখা থাকবে।
 - শিশুদের অধ্যয়নের একেবারে ওপরে 'Children' কথাটা লেখা থাকবে। অধ্যয়নের ক্রমিক সংখ্যার শেষে 'b' অক্ষরটি লেখা থাকবে।
 - কয়েকটি বিন্যাসে বিষয়টির উপর অতিরিক্ত তথ্যযুক্ত সংযোজিত অধ্যয়ন অন্তর্ভুক্ত করা হয়েছে।
 - প্রতিটি নতুন পালকীয় অধ্যয়নে বিভিন্ন কার্যকলাপ আছে। আপনাকে সবগুলো করতে হবে না।
৫. যে কোন কাজে আপনার দলকে শিক্ষাদানের জন্য বা পরিচালনার জন্য উত্তম রূপে প্রস্তুত হন।
- উত্তমরূপে প্রস্তুতির জন্য নিজেকে এবং আপনার লোকদের শৃঙ্খলাবদ্ধ করুন, যে কোন প্রস্তুতি অন্ততঃ এক সপ্তাহ আগে থেকে শুরু করুন।
 - শিশুরা আরাধনার সময় যা উপস্থাপন করার জন্য প্রস্তুত হয়েছে তা উপস্থাপনের জন্য আরাধনার নেতাদের শিশুদের শিক্ষকদের সঙ্গে ব্যবস্থা করতে বলুন। এছাড়াও, আরাধনার নেতাদের গান এবং আরাধনার কার্যাবলী মনোনীত করতে বলুন যা সপ্তাহের বিষয়ের সঙ্গে একসাথে করা হবে।
 - আপনার দলটি কি ছোট? বিশেষ করে ছোট উপাসক মণ্ডলীর ক্ষেত্রে আরাধনা প্রস্তুতির বিষয়টি অবহেলা করার বিষয়ে শয়তান পালককে প্রলোভিত করে। আরাধনার পূর্ব প্রস্তুতির বিষয়টি বড় উপাসক মণ্ডলীর থেকে ছোট মণ্ডলীর জন্য চারটি কারণে গুরুত্বপূর্ণঃ
 - ১) নতুন নিয়মের রীতি অনুসারে ক্ষুদ্র উপাসক মণ্ডলীতে প্রত্যেকে বিভিন্ন ভাবে আরাধনায় অংশগ্রহণ করেন। সারা পৃথিবীতে বড় উপাসকমণ্ডলী অপেক্ষা ক্ষুদ্র মণ্ডলীতে অধিক সংখ্যক লোক খ্রীষ্টের কাছে আসেন এবং তাঁর পরিচর্যা করেন। আমরা যদি আমাদের সাহায্যকারীদের পূর্বেই প্রস্তুত না করি, তবে আমরা তাদের অংশ গ্রহণ হারাতে পারি। নেতা যিনি সব গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিজে করেন- তা এমন একটা পাপ যা পবিত্র আত্মাকে দুঃখিত করে। ঈশ্বর যাদের পালন করার জন্য আমাদের দিয়েছেন এইভাবে আমরা তাদের পঙ্গু করে দিই।
 - ২) বড় দলের মত ছোট উপাসক মণ্ডলীর লোকদেরও একই প্রয়োজন থাকে, যার জন্য আমাদের প্রার্থনা পূর্ণ প্রস্তুতির প্রয়োজন।
 - ৩) বড় উপাসক মণ্ডলীগুলোতে সাধারণতঃ অভিজ্ঞ, উত্তম শিক্ষিত পূর্ণ সময়ের জন্য কার্যকারী পালক থাকেন। তাদের কাছে আরাধনার সময়ের পূর্বে অসংখ্য প্রস্তুতির সম্ভাবনা এবং সময় থাকে। যাইহোক, ক্ষুদ্র উপাসক মণ্ডলীগুলো এত দ্রুত বৃদ্ধি পায় যে সেখানে স্বেচ্ছাসেবী পালকরা থাকেন, যারা কম অভিজ্ঞতা এবং শিক্ষা সম্পন্ন হন। তাদেরকে যদি প্রস্তুতির জন্য আরাধনার আগের দিন পর্যাপ্ত অপেক্ষা করতে হয়, তবে তাদের প্রস্তুতি দুর্বল হয়ে যাবে, যা তার দলকে ঈশ্বরের আশীর্বাদ লাভ থেকে বঞ্চিত করবে।
 - ৪) সাহায্যকারীদের সঙ্গে প্রার্থনাপূর্ণ পরিকল্পনা এবং প্রস্তুতির সময় পবিত্র আত্মা শক্তিশালীরূপে কাজ করেন- কেবলমাত্র আরাধনার সময়ই কাজ করেন এমন নয়। যীশু এবং পৌলের মত নতুন নেতাদের বিভিন্ন সহকর্মীদের দ্বারা প্রস্তুতির বিষয়টিকে ঈশ্বর ব্যবহার করেন।

৬. দল পরিচালনার জন্য অন্যদের সঙ্গে একসাথে কাজ করুন।

- বুদ্ধিমান নেতারা একা কাজ করেন না। যীশু এবং প্রেরিতগণ একা কাজ করেন নি। আরাধনা পরিচালনার জন্য এবং দলকে পরিচালনার ক্ষেত্রে আপনাকে সাহায্য করার জন্য অন্য কর্মীদের প্রস্তুত করুন। সপ্তাহব্যাপী লোকদের প্রয়োজনের পরিচর্যার জন্য কয়েকজন ডীকনের ভূমিকা পালন করবেন।
- আপনি যদি কাউকে আরাধনা পরিচালনা করার জন্য প্রস্তুত করেন, তবে তাকে পৌল - তীমথি অধ্যায়ের আরাধনা নেতৃত্বগের এবং তাদের সহকর্মীদের জন্য নির্দেশাবলী A0e ক্রমিক সংখ্যার অধ্যায়টি পাঠ করতে দিন।
- শিশুদের শিক্ষকদের প্রতি সপ্তাহে শিশুদের জন্য অধ্যায়ের প্রতিলিপি দিতে হবে।

৭. প্রতিটি নতুন পালকদের অধ্যয়নের জন্য এই তিনটি বিষয় করুন

● তিনটি বিষয় হলঃ

১. ঈশ্বরের বাক্য দ্বারা আপনার হৃদয় ও মন প্রস্তুতকরন।
২. পরবর্তী সপ্তাহের করণীয় কাজের বিষয় সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।
৩. আসন্ন আরাধনার সময়ের বিষয় সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

● বিষয় ১- ঈশ্বরের বাক্য দ্বারা আপনার হৃদয় ও মন প্রস্তুতকরন

উপাসনাসভায় সহভাগিতা করার দুই এক সপ্তাহ পূর্বে প্রতিটি পৌল - তীমথি অধ্যায় শুরু করুন। এর অর্থ হৃদঙ্গম করতে সময় নিন, এই বিষয়ে প্রার্থনা করুন এবং কিভাবে এই বিষয়গুলো আপনার লোকদের জীবনে প্রয়োগ করতে এবং এর সঙ্গে সম্বন্ধ যুক্ত কার্যকলাপগুলো সপ্তাহব্যাপী করতে তাদের সাহায্য করবেন, সেই বিষয়ে চিন্তা করুন।

● বিষয় ২ - আপনার লোকেরা পরবর্তী সপ্তাহে কি করবেন সেই বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

উপাসনা সভার পর সপ্তাহব্যাপী আপনার লোকদের কি করা উচিত সেই বিষয়ে পরিকল্পনা করার জন্য উপাসনা সভার কয়েকদিন পূর্বে আপনার সাহায্যকারীদের সঙ্গে মিলিত হন। তারা কি করতে পারে সেই বিষয়ে প্রতিটি অধ্যায়ে পরামর্শ দেওয়া হয়েছে। আপনার লোকদের কি করতে হবে সেই বিষয়ে যদি ঈশ্বরের ইচ্ছা আপনার জানা থাকে তবে অর্থপূর্ণ আরাধনা এবং শিক্ষার জন্য প্রস্তুতি অনেক সহজ হয়ে যাবে।

● বিষয় ৩ - আগামী আরাধনার সময়ের জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা।

আপনার সহকর্মীদের আরাধনার জন্য এবং শিক্ষা দিতে আপনাকে সাহায্য করা উচিত। নির্দিষ্ট সময়ের বেশ কয়েকদিন পূর্বে পরিকল্পনা করুন, যাতে প্রতিটি অংশ গ্রহণকারী প্রার্থনা করতে পারেন এবং উত্তমরূপে প্রস্তুত হতে পারেন। যারা কবিতা বলবে অথবা নাটকের কাজ করবে তাদের মহড়ার জন্য সময় দিতে হবে। যদি তা সম্ভব না হয়, তবে যারা আরাধনা পরিচালনা করতে সাহায্য করবেন তাদের প্রার্থনা ও পরিকল্পনা করার জন্য আরাধনা শুরুর অন্তত ১ ঘন্টা পূর্বে মিলিত হওয়া উচিত। এমন ভাবে পরিকল্পনা করুন যাতে সমস্ত বিশ্বাসী স্বাধীনভাবে অংশ গ্রহণ করতে পারেন, যাতে মাত্র কয়েকজন সভাটিতে কর্তৃত্ব করতে না পারেন।

৮. আরাধনার কার্যকলাপে শিশুদেরও অন্তর্ভুক্ত করুন।

- আরাধনায় শিশুদের অংশ গ্রহণের জন্য শিশুদের শিক্ষকের সঙ্গে ব্যবস্থা করুন। আরাধনার সময় শিশুদের দ্বারা নাটক এবং আরও অন্যান্য বিষয় উপস্থাপনের জন্য শিশুদের অধ্যায়ে অনেক গল্প অন্তর্ভুক্ত করা হয়েছে। যথা সম্ভব অধিক প্রাপ্ত বয়স্ক এবং শিশুদের একত্রে কাজ করতে দিন।
- প্রতিবেশীদের শিশুদের এবং পিতামাতাদের যারা এখনও বিশ্বাসী হননি বা আরাধনা সভায় যোগদান করেন নি তাদের নাটকগুলি করতে সাহায্য করতে বলুন। তাদেরকে কোন গুরুত্বপূর্ণ ভূমিকা দেবেন না — তারা নাও আসতে পারেন। এই ধরনের অংশগ্রহণকারীগণও অনেক সময় খ্রীষ্টের কাছে আসেন।

৯. প্রার্থনা করার জন্য এবং পরস্পরকে উপদেশ দানের জন্য ছোট ছোট দল গঠন করুন।

- আমরা যখন মিলিত হই, তখন ঈশ্বর আমাদের এমন কিছু করতে দেন, যার জন্য ছোট ছোট দলের প্রয়োজন হয়, যাতে প্রত্যেক ব্যক্তি যথেষ্ট রূপে শুনতে পারেন।

ঈশ্বর চান বিভিন্নভাবে আমরা যেন পরস্পরের সেবা করিঃ

পরস্পরকে নির্দেশনা দানঃ রোমীয় ৫ঃ১৪

পরস্পরকে উৎসাহ দানঃ কল ৩ঃ১৬; ইব্রীয় ১০ঃ২৫

পরস্পরকে চেতনা দানঃ ইব্রীয় ৩ঃ১৩

প্রেম ও উত্তম কাজের জন্য পরস্পরকে উদ্দীপিত করাঃ ইব্রীয় ১০ঃ২৪

পরস্পরকে গঠন করা (শক্তিশালী করা)ঃ ১ থি ৪ঃ১৮ এবং ৫ঃ১,১১

পরস্পরের কাছে ভুল স্বীকার করাঃ যাকোব ৫ঃ১৬

পরস্পরের জন্য প্রার্থনা করাঃ যাকোর ৫ঃ১৬



আরাধনার সময় আমরা যখন ক্ষুদ্র দলে পরস্পরকে সাহায্য করি,
তখন ঈশ্বরের পবিত্র আত্মা কত শক্তিশালী রূপে কাজ করেন!

১০. ঈশ্বরের বাক্য শিক্ষা দিন এবং একটি ক্ষুদ্র দলের পক্ষে উপযুক্তরূপে আরাধনা করুন।

- ১ করিন্থীয় ১৪ঃ২৬ পদ অনুসারে প্রেরিত পৌল সকলের কাছে সর্নিবন্ধ অনুরোধ করেছিলেন, যাতে কোন না কোনভাবে সকলেই আরাধনায় অংশ গ্রহণ করেন, “তোমরা যখন সমবেত হও, তখন কাহারও গীত থাকে, কাহারও উপদেশ থাকে, কাহারও প্রত্যাদেশ থাকে, কাহারও বিশেষ ভাষা থাকে, কাহারও অর্থ ব্যাখ্যা থাকে....।”
- বুদ্ধিমান পালকগণ ক্ষুদ্র উপাসক মণ্ডলীর জন্য কখনও প্রথাগত পুলপিট প্রচার ব্যবহার করেন না। বরং তিনি এমনভাবে শিক্ষা দেন, যেখানে লোকেরা প্রশ্ন করতে পারেন এবং উত্তর দিতে পারেন, এবং ঈশ্বরের বাক্য থেকে তারা যে সত্যগুলো শিখেছেন, কিভাবে তা তাদের জীবনে প্রয়োগ করবেন সেই বিষয়ে আলোচনা করতে পারেন।
- পৌল - তীমথি অধ্যয়নগুলো শিক্ষাকে আরও শক্তিশালী করার জন্য প্রশ্নের আলোচনা, কবিতা, গল্প এবং নাম ভূমিকায় অভিনয়ের বিষয়গুলো প্রদান করে। গল্পগুলো মনে রাখা সহজ এবং ইহা আপনার লোকদের অন্যদের কাছে ঈশ্বরের বাক্য দান করতে সক্ষম করে।
- আরাধনার সময় চেয়ারগুলোকে বৃত্তাকারে সাজাতে হবে, যাতে প্রত্যেকে পরস্পরের মুখ দেখতে পান এবং সহজেই পরস্পরের সঙ্গে কথা বলতে পারেন।
- পৌল-তীমথিয় অধ্যয়নে যে সমস্ত ঐচ্ছিক বিষয়গুলোর তালিকা দেওয়া হয়েছে সেগুলো সব ব্যবহার করার চেষ্টা করবেন না। আপনার লোকদের আগ্রহ এবং সংস্কৃতির সঙ্গে মানানসই বিষয়গুলো মনোনীত করুন।

১১. নিয়মিত প্রভুর ভোজ অনুষ্ঠানটি উদযাপন করুন।

- প্রভুর ভোজ প্রবর্তনের জন্য প্রতিটি নূতন পালক অধ্যয়নে বিভিন্ন বাইবেল পাঠ্য বিষয় দেওয়া হয়েছে।
- কিছু মণ্ডলী ইহা প্রবর্তনের জন্য কেবলমাত্র ১ করি ১১ অধ্যায়টিই ব্যবহার করে। এই অধ্যয়নটি মাঝে মধ্যে ব্যবহার করা উচিত, কারণ এর মধ্যে প্রভুর ভোজের বিষয় কয়েকটি গুরুত্বপূর্ণ নির্দেশনা আছে। যাইহোক, সর্বদা ইহা ব্যবহারের মাধ্যমে আমরা যীশুর বলিদানের বিষয় ঈশ্বরের বাক্যের অতিমূল্যবান এবং উৎসাহমূলক নির্দেশনা থেকে ঈশ্বরের লোকদের বঞ্চিত করি।

১২. আরাধনার সময় ঈশ্বর কি করেছেন সেই বিষয়ে আপনার লোকদের বিবরণ দিতে দিন।

- ঈশ্বর কি কাউকে সুস্থ করেছেন? বিশ্বাসীরা কি তাদের বদ অভ্যাসের উপর বিজয়ী হয়েছেন? লোকেরা কি খ্রীষ্টের কাছে এসেছেন? নতুন উপাসক মণ্ডলী কি শুরু হয়েছে? নতুন পরিচর্যা কাজ কি শুরু হয়েছে? ঈশ্বর যা করেছেন সেই বিষয়ে লোকদের বিবরণ দিতে দিন এবং এই বিষয়ে তাদের প্রশংসা করতে দিন।
- তারা কি করছেন সেই বিষয়টি জেনে তাদের পরিচর্যা কাজ চালিয়ে যেতে উৎসাহিত করুন। ইহা অন্যদের প্রার্থনা করতে এবং আরও কাজ করতে উৎসাহিত করে।

১৩. সপ্তাহব্যাপী এবং আরাধনার সময় করণীয় কার্যকলাপের বিষয়ে পরিকল্পনা করুন।

- আপনার লোকেরা যে সকল কাজ করবেন বলে আপনি আপনার সহকর্মীদের সঙ্গে যে সকল পরিকল্পনা করেছেন, সেই পরিকল্পনাগুলো আরাধনার সময় ঘোষণা করুন।
- পরবর্তী সপ্তাহে কিভাবে খ্রীষ্টের সেবা করা যায় সেই বিষয়ে লোকদের তাদের ধারণাগুলো বলতে দিন।
- যারা তাদের ঈশ্বর প্রদত্ত অনুগ্রহদানের মাধ্যমে ঈশ্বরের জন্য কাজ করতে চান, তাদের সাহায্য করুন, এই সকল বিষয়গুলো হলঃ

সুসমাচার প্রচারের অনুগ্রহদান — অন্যদের কাছে যীশুর কথা বলুন, লুক ২৪ঃ৪৬-৪৮,

সাহায্য করার অনুগ্রহ দান - যাদের সাহায্যের প্রয়োজন, তাদের সেবা করুন, গালা ৫ঃ১৩,

পালকীয় অনুগ্রহ দান - ঈশ্বরের বাক্য প্রয়োগের জন্য আপনার পরিবারকে সাহায্য করুন, ইফি ৫ঃ২১-৩৩, ৬ঃ১-৪

প্রজ্ঞার অনুগ্রহ দান - সমাজে ঈশ্বরের প্রভাব আনুন, মথি ৫ঃ১৩-১৪,

করণার বা দয়ার অনুগ্রহ দান - অভাবীদের সেবা করুন, মথি ২৫ঃ৩১-৪৬,

উৎসাহদানের অনুগ্রহ দান - অন্যদের নিশ্চয়তা ও সাহায্য দান, ১ থি ৫ঃ১১,

আরোগ্যের অনুগ্রহ দান - অসুস্থ ও মন্দ আত্মা বিষ্টদের জন্য প্রার্থনা করুন, যাকোব ৫ঃ১৩-১৬,

নেতৃত্বের অনুগ্রহ দান - মাতৃমণ্ডলীগুলোর সঙ্গে সহযোগিতা করুন, প্রেরিত ১ঃ৪১

দানের অনুগ্রহ দান - প্রয়োজনীয় প্রকল্পের জন্য সম্পদ যুগিয়ে দিন, ১ করি ৮ঃ১-৪

১৪. মহিলা এবং শিশুদের সেবা করার সুযোগ দিন।

- মহিলাদেরও তাদের আধ্যাত্মিক দানগুলো ব্যবহার করা উচিত যা ঈশ্বর তাদের দিয়েছেন। কিছু সংস্কৃতিতে পুরুষরা মেয়েদের শিক্ষা দান ও পরামর্শ দান অনুমোদন করে না। অন্যান্য সংস্কৃতিতে ধার্মিক মহিলাগণ পুরুষদের শিক্ষা দিতেন, যেমন প্রিক্সিলা আপল্লোকে শিক্ষা দিয়েছিলেন (প্রেরিত ১৮ঃ২৬)। প্রতিটি সংস্কৃতিতেই বয়স্ক মহিলাগণদের ছোট মহিলাদের শিক্ষা দান করা উচিত (তীত ২ঃ৩-৫)।
- বড় শিশুদের ছোট শিশুদেরকে শিষ্য করতে উৎসাহিত করুন। ইহা উভয়কেই বৃদ্ধি পেতে সাহায্য করবে।
- সপ্তাহব্যাপী যে মহিলাগণ অথবা ডিকনেসগণ মিলিত হবেন, তাদের “ক্ষুদ্র দলের পরিচালক ডীকন বা ডীকনেসদের জন্য নির্দেশাবলী; ট্রান্সক্রমিক সংখ্যার অধ্যয়নটি পাঠ করা উচিত।

১৫. আপনি যখন নতুন পালকদের জন্য অধ্যয়নটি সমাপ্ত করবেন, তারপর আপনাকে সংযোজিত অধ্যয়নগুলো পাঠ করতে হবে।

- নতুন পালকদের অধ্যয়নগুলো সংক্ষিপ্ত এবং সরল, কিন্তু অগ্রবর্তী কাজের জন্য সেগুলো অত্যন্ত শক্তিশালী ভিত্তি স্বরূপ। আপনি যদি এই অধ্যয়নগুলো এড়িয়ে যান তবে আপনার শিক্ষার মধ্যে কালো দাগ পড়ে যাবে যা আপনার পরিচর্যাকে মারাত্মকভাবে দুর্বল করে দেবে।
- নতুন পালকদের জন্য অধ্যয়নটি যে শিক্ষা দেয়, আপনি যদি তার থেকে আরও বিস্তারিতভাবে কোন বিষয় অধ্যয়ন করতে চান, তবে আপনি আরও কয়েকটি বিষয়ে সংযোজিত অধ্যয়ন থেকে পাঠ করতে পারেন।